DEC. 0 1 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ৩ কলাম ৩

দৈনিক সংবাদ

# গাইবান্ধা আদর্শ কলেজে শিক্ষক নিয়োগে অনিয়ম, তদন্তের দাবি

গাইবান্ধা থেকে জেলা বার্তা পরিবেশক ঃ গাইবান্ধা আদর্শ কলেজে শিক্ষক নিয়োগে অনিয়মের অভিযোগ এনে একটি তদন্ত টিম গঠনের দাবি করা হয়েছে। সর্বদলীয় রাজনৈতিক নেতৃবৃন্দ এই দাবি করেছেন।

নেতৃবৃন্দের অভিযোগে জানা যায়, গাইবান্ধা আদর্শ কলেজে একজন ইংরেজি শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহা পরিচালকের প্রতিনিধি খলিলুর রহমান পক্ষপাতিত্বমূলক ভূমিকা পালন করেছেন। গত ৮ই নভেম্বর এই শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অনার্স ও মাস্টার্স ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ একাধিক প্রার্থী ইন্টারভিউ বোর্ডে উপস্থিত থাকলেও তৃতীয় শ্রেণীর একজন নকল সরবরাহকারী শিক্ষককে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তার নাম শহীদুজ্জামান।

ইতোপূর্বে এই শিক্ষককে এইচএসসি পরীক্ষা চলাকালীন সময়ে নকল সরবরাহের দায়ে অভিযুক্ত করা হয়। এ নিয়ে বিভিন্ন সংবাদপত্রেও খবর প্রকাশিত হয়। অথচ তাকেই নিয়োগের সিদ্ধান্ত গ্রহণের প্রতিবাদে নেতৃবৃন্দ ক্ষোভে প্রকাশ করেন। এ মর্মে তারা গত ১৮ই নভেম্বর কলেজের গভর্নিং বডি এবং ২৪শে নভেম্বর জেলা প্রশাসকের কাছে পৃথক স্মারকলিপি পেশ করেন।

প্রদত্ত স্মারকলিপিতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এই অনিয়ম ও পক্ষপাতিত্বের অভিযোগ তদন্তের জন্য একটি কমিটি গঠনের দাবি জানানো হয়। স্মারকলিপিতে সই করেন জেলা বিএনপির সদস্য সচিব আনিসুজ্জামান খান বাবু, জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ফরহাদ আবদুল্লাহ হারুন, জেলা ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম গোলাম, জেলা গণতন্ত্রী পার্টির সাধারণ সম্পাদক গণেশ প্রসাদ, গণ ফোরামের জেলা সভাপতি ময়নুল ইসলাম রাজা, সিপিবির কেন্দ্রীয় কমিটির সদস্য ওয়াজিউর রহমান র‍্যাফেল ও জেলা বাসদ সমন্বয়ক আহসানুল হাবিব